بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির্ রাহ্মা-নির্ রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা ফাতিহা

মক্কায় অবতীর্ণ, রুকূ ঃ ১, আয়াত ঃ ৭

١ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ٢ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ٣

১। আল্‌হামদু লিল্লা-হি রব্বিল্ 'আ-লামীন্। আর্‌রহ্‌মা-নির্ রহীম্।
(১) সমস্ত প্রশংসা আল্লাহ্‌র জন্য, যিনি নিখিল জাহানের রব। (২) যিনি পরম করুণাময়, অসীম দয়ালু।

٤ مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ٥ اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ ٦

৩। মা-লিকি ইয়াওমিদ্ দীন্। ৪। ইয়্যা-কা না'বুদু অইয়্যা-কা নাস্‌তা'ঈন্।
(৩) যিনি বিচার দিনের মালিক। (৪) আমরা কেবল তোমারই গোলামী করি এবং তোমারই কাছে সাহায্য চাই।

٧ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ٨ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ

৫। ইহ্‌দিনাছ্ ছির-ত্বোয়াল্ মুস্‌তাক্বীম্। ৬। ছির-ত্বোয়াল্লাযীনা আন্'আম্‌তা
(৫) আমাদেরকে সরল সঠিক পথ প্রদর্শন কর। (৬) ঐ সমস্ত লোকদের পথ যাদেরকে তুমি নিয়ামত দান

٩ عَلَيْهِمْ ٧ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ ع

'আলাইহিম্। ৭। গইরিল্ মাগ্‌দূবি 'আলাইহিম্ অলাদ্দোয়া — ল্লীন্।
করেছ। (৭) যারা অভিশপ্ত নয় এবং পথভ্রষ্ট নয় তাদের পথ আমাদেরকে প্রদর্শন কর।

নামকরণ ঃ এ সূরা কোরআনের সর্বপ্রথম সূরা। এ কারণেই এর নাম দেয়া হয়েছে ফাতিহাতুল কোরআন। অর্থাৎ কোরআনের প্রারম্ভিক। এছাড়া আরও বহুনাম আছে, তন্মধ্যে প্রসিদ্ধ নাম হল – ১। ফাতিহা, ২। উম্মুল কোরআন, ৩। ফাতিহাতুল কিতাব, ৪। শাফিয়াহ্, ৫। সার'ই মাছামী, ৬। হাম্‌দ্, ৭। তা'লিমুল্ মাসআলাহ্, ৮। মুনাজাত, ৯। কোরআনে আযীম, ১০। উম্মুল কিতাব।

ফযীলত ঃ হাদীছ শরীফে বর্ণিত- সর্বাপেক্ষা উত্তম যিক্‌র 'লা-ইলা-হা ইল্লাল্লা-হ্' এবং সর্বাপেক্ষা উত্তম দোয়া সূরা ফাতিহা। হযরত আবূ হোরায়রা (রাঃ) থেকে বর্ণিত আছে- তিনি বলেন, রাসূলুল্লাহ (ছঃ) বলেছেন, যাঁর হাতে আমার জীবন তাঁর কসম, সূরা ফাতিহার দৃষ্টান্ত, তাওরাত, ইঞ্জিল, যবূর প্রভৃতি অন্য কোন আসমানী গ্রন্থে তা নেই-ই এমন কি পবিত্র কোরআনেও এর সমতুল্য অন্য কোন সূরা অবতীর্ণ হয়নি। -(মা'রিফুল কোরআন)

★ সূরা শেষে (اٰمِيْن) আ-মীন্ বলা সুন্নাত কিন্তু আমীন্ সূরার অংশ নয়।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিসমিল্লা-হির্ রাহ্মা-নির্ রাহীম্
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

সূরা বাক্বারাহ্

মাদানী ঃ রুকূ ঃ ৪০, আয়াত ঃ ২৮৬

الٓمّٓ ﴿١﴾ ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ ۛ فِيْهِ ۛ هُدًى ﴿٢﴾

১। আলিফ্ লা—ম্ মী—ম্। ২। যা-লিকাল্ কিতা-বু লা-রইবা ফীহ্ ; হুদাল্
(১) আলিফ্ লাম্ মীম্। (২) এটা এমন কিতাব যাতে কোন সন্দেহ নেই। এটা ঐ মুত্তাকীদের জন্য।

لِّلْمُتَّقِيْنَ ﴿٣﴾ الَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ وَيُقِيْمُوْنَ الصَّلٰوةَ

লিল্ মুত্তাক্বীন্। ৩। আল্লাযীনা ইয়ু”মিনূনা বিল্গইবি অইয়ুক্বীমূনাছ্ ছলা-তা
(৩) পথ প্রদর্শক যারা অদৃশ্য বস্তুসমূহের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং যারা নামায কায়েম করে

وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٤﴾ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ بِمَآ اُنْزِلَ

অমিম্মা-রযাক্বনা-হুম্ ইয়ুন্ফিক্বূন্। ৪। অল্লাযীনা ইয়ু”মিনূনা বিমা ~ উন্যিলা
এবং আমার দেয়া রিযিক্ থেকে ব্যয় করে, (৪) আর তারা বিশ্বাস স্থাপন করে তোমার প্রতি যা অবতীর্ণ হয়েছে,

اِلَيْكَ وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلِكَ ۚ وَبِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ۝

ইলাইকা অমা ~ উন্যিলা মিন্ ক্বব্লিক্; অবিল্ আ-খিরতিহুম্ ইয়ূক্বিনূন্।
এবং তোমার পূর্ববর্তীদের প্রতি যা অবতীর্ণ হয়েছে তার প্রতি, আর আখেরাতের প্রতি রাখে তারা দৃঢ় আস্থা।

পারা ১ মঞ্জিল ১

নামকরণ ঃ বাক্বারাহ্ অর্থ গাভী। এ সূরার একস্থানে বাক্বারার ঘটনা বর্ণিত হয়েছে বিধায় এ সূরার নাম সূরা বাক্বারাহ্ রাখা হয়েছে।
শানেনুযূল ঃ ইহুদী মালেক ইবনে ছুহাইব কোরআন সম্পর্কে মু'মিনদের মনে সন্দেহ সৃষ্টি করেছিল। এ সন্দেহ দূর করার জন্য প্রথমোক্ত কয়েকটি আয়াত অবতীর্ণ হয়েছে।
টীকা-১ ঃ পবিত্র কোরআনের অনেক সূরার প্রথমে এরূপ বিচ্ছিন্ন অক্ষর আছে। এগুলোকে হরুফে মুকাত্তায়াত বলা হয়। এ গুলোর অর্থ জানা অপরিহার্য নয়, এর প্রতি ঈমানই যথেষ্ট। এগুলোর অর্থ ও রহস্য আল্লাহ পাকই ভাল জানেন।
টীকা-২ ঃ দৃষ্টির অন্তরালে যা কিছু রয়েছে, তা সবই গায়েব যেমন ঃ আল্লাহ, ফেরেশ্‌তা, বেহেশ্‌ত দোযখ ইত্যাদি।

٥ أُولَٰئِكَ عَلَىٰ هُدًى مِّن رَّبِّهِمْ ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ٦ إِنَّ

৫। উলা—য়িকা 'আলা- হুদাম্ মির্ রব্বিহিম্ অউলা—য়িকা হুমুল্ মুফ্লিহূন্। ৬। ইন্নাল্
(৫) ওরাই তাদের রবের নিকট থেকে প্রাপ্ত হেদায়েতের উপর রয়েছে এবং তারাই সফলকাম। (৬) নিশ্চয়ই

الَّذِينَ كَفَرُوا سَوَاءٌ عَلَيْهِمْ أَأَنذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ ★

লাযীনা কাফারূ সাওা—উন্ 'আলাইহিম্ আ আন্যারতাহুম্ আম্ লাম্ তুন্যির্ হুম্ লা- ইয়ু"মিনূন্।
যারা অবিশ্বাসী তাদেরকে আপনি সাবধান করুন বা নাই করুন, উভয়ই তাদের জন্য সমান, তারা ঈমান আনবে না।

٧ خَتَمَ اللَّهُ عَلَىٰ قُلُوبِهِمْ وَعَلَىٰ سَمْعِهِمْ ۖ وَعَلَىٰ أَبْصَارِهِمْ غِشَاوَةٌ ۖ وَلَهُمْ

৭। খতামাল্লা-হু 'আলা- ক্বুলূবিহিম্ অ আলা ~সাম্'ইহিম্ ; অ'আলা~ আব্ছোয়া-রিহিম্ গিশা-অতুঁও অলাহুম্
(৭) আল্লাহ তাদের অন্তরে ও তাদের কানে মহর মেরে দিয়েছেন, তাদের চক্ষুর ওপর পর্দা রয়েছে, তাদের জন্য আছে ১

عَذَابٌ عَظِيمٌ ٨ وَمِنَ النَّاسِ مَن يَقُولُ آمَنَّا بِاللَّهِ وَبِالْيَوْمِ الْآخِرِ ع ৭ ১

'আযা-বুন্ 'আজীম্। ৮। অমিনান্ না-সি মাইঁ ইয়াক্বূলু আ- মান্না- বিল্লা-হি, অবিল্ইয়াওমিল্ আ-খিরি রুকু
কঠোর শাস্তি। (৮) আর মানুষের মধ্যে এমন লোকও রয়েছে যারা বলে, আমরা আল্লাহ ও পরকালের প্রতি ঈমান আনয়ন

وَمَا هُم بِمُؤْمِنِينَ ٩ يُخَادِعُونَ اللَّهَ وَالَّذِينَ آمَنُوا وَمَا يَخْدَعُونَ

অমা-হুম্ বিমু"মিনীন্। ৯। ইয়ুখ-দি'ঊনাল্লা-হা অল্লাযীনা আ-মানূ অমা- ইয়াখ্দা'ঊনা
করেছি, আসলে তারা মোটেও ঈমানদার নয়। (৯) তারা আল্লাহ ও মু'মিনদের ধোঁকা দিতে চায়, আসলে তারা ধোকা দেয়

إِلَّا أَنفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ١٠ فِي قُلُوبِهِم مَّرَضٌ فَزَادَهُمُ اللَّهُ مَرَضًا ۖ

ইল্লা ~ আন্ফুসাহুম্ অমা- ইয়াশ্'উরূন্। ১০। ফী ক্বুলূবিহিম্ মারদ্বুন্ ফাযা-দাহুমুল্লা-হু মারদ্বোয়া-,
নিজেদেরকেই, কিন্তু তারা তা বুঝে না। (১০) তাদের অন্তরে কঠিন রোগ রয়েছে, আর আল্লাহ তাদের রোগ আরও বৃদ্ধি

وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْذِبُونَ ١١ وَإِذَا قِيلَ لَهُمْ لَا تُفْسِدُوا

অলাহুম্ 'আযা-বুন্ আলীমুম্ বিমা- কা-নূ ইয়াক্যিবূন্। ১১। অইযা- ক্বীলা লাহুম্ লা-তুফ্সিদূ
করে দিয়েছেন, তাদের জন্য রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি, মিথ্যা বলার কারণে। (১১) আর যখন তাদেরকে বলা হয়, বিপর্যয়

فِي الْأَرْضِ قَالُوا إِنَّمَا نَحْنُ مُصْلِحُونَ ١٢ أَلَا إِنَّهُمْ هُمُ الْمُفْسِدُونَ

ফিল্ আরদ্বি ক্বা-লূ ~ইন্নামা- নাহ্নু মুছ্লিহূন্। ১২। আলা ~ইন্নাহুম্ হুমুল্ মুফ্সিদূনা
সৃষ্টি করো না দুনিয়াতে। তখন তারা বলে, নিশ্চয়ই আমরা তো কেবল শান্তি স্থাপনকারী।' (১২) সাবধান! এরাই ফাসাদ সৃষ্টিকারী

শানেনুযূল ঃ আয়াত - ৮ ঃ হযরত আলী (রাঃ) মুনাফেক সর্দার আবদুল্লাহ ইবনে উবাই ও তার সাথীদেরকে বললেন, তোমরা আল্লাহকে ভয় কর এবং মুনাফেকী পরিত্যাগ কর, বাহ্যতঃ মুসলমান আর অন্তরে কুফরী, এটা অত্যন্ত জঘন্য। উত্তরে সে বলল, হে আবুল হাসান! আমাদের প্রতি আপনি এমন ধারণা পোষণ করেন! আমরা তো মুসলমান, আমরা তো আল্লাহ ও রাসূলের প্রতি বিশ্বাস রাখি। তখন আল্লাহ তা'আলা তাদের প্রকৃত অবস্থা জানিয়ে এ আয়াত নাযিল করেন। -(বয়ানুল কোরআন)

وَلٰكِنْ لَّا يَشْعُرُوْنَ ﴿١٣﴾ وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا كَمَآ اٰمَنَ النَّاسُ قَالُوْٓا اَنُؤْمِنُ

অলা-কিল্ লা-ইয়াশ্'উরূন্। ১৩। অইযা-ক্বীলা লাহুম্ আ-মিনূ কামা~ আ-মানান্ না-সু ক্বা-লূ~ আনু''মিনু

কিন্তু তারা তা বোঝে না। (১৩) যখন তাদেরকে বলা হয়, তোমরাও ঈমান আন অন্যান্য লোকদের ন্যায় তখন তারা বলে,

كَمَآ اٰمَنَ السُّفَهَآءُ ۭ اَلَآ اِنَّهُمْ هُمُ السُّفَهَآءُ وَلٰكِنْ لَّا يَعْلَمُوْنَ ﴿١٤﴾ وَاِذَا لَقُوا

কামা~ আ-মানাস্ সুফাহা—য়ু; আলা~ ইন্নাহুম্ হুমুস্ সুফাহা—উ অলা-কিল্ লা- ইয়া'লামূন্। ১৪। অইযা-লাক্বুল

আমরাও কি ঈমান আনব? নির্বোধ লোকদের মত ? সাবধান! আসলে এরাই নির্বোধ, কিন্তু তারা জানে না। (১৪) যখন তারা

الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَوْا اِلٰى شَيٰطِيْنِهِمْ ۙ قَالُوْٓا اِنَّا مَعَكُمْ ۙ

লাযীনা আ-মানূ ক্বা-লূ~ আ-মান্না-, অইযা-খালাও ইলা- শাইয়া-ত্বীনিহিম্ ক্বা-লূ~ ইন্না- মা'আকুম্

মুমিনদের সঙ্গে দেখা করে, তখন বলে– আমরা ঈমান এনেছি। যখন শয়তানদের নিকট যায়, তখন বলে, আমরা তো

اِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُوْنَ ﴿١٥﴾ اَللّٰهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ فِيْ طُغْيَانِهِمْ

ইন্নামা- নাহ্নু মুস্তাহ্যিয়ূন্। ১৫। আল্লা-হু ইয়াস্তাহ্যিয়ু বিহিম্ অইয়ামুদ্দুহুম্ ফী ত্বুগ্ইয়া-নিহিম্

তোমাদের সাথেই আছি, ওদের সাথে তো তামাশা করেছি মাত্র। (১৫) আল্লাহ তাদের সাথে তামাশা করেন এবং অবকাশ দেন,

يَعْمَهُوْنَ ﴿١٦﴾ اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى ۠ فَمَا رَبِحَتْ

ইয়া'মাহূন্। ১৬। উলা—য়িকাল্ লাযীনাশ্ তারা-য়ুদ্ব দ্বোয়ালা-লাতা বিল্ হুদা- ফামা- রাবিহাত্

ফলে তারা বিভ্রান্তের মত ঘুরে বেড়ায়। (১৬) তারাই হেদায়েতের বদলে ভ্রান্তি ক্রয় করেছে। কিন্তু তাদের এ ব্যবসা

تِّجَارَتُهُمْ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿١٧﴾ مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِي اسْتَوْقَدَ

তিজ্বা-রাতুহুম্ অমা- কা-নূ মুহ্তাদীন্। ১৭। মাছালুহুম্ কামাছালিল্ লাযিস্ তাওক্বাদা

লাভজনক হয়নি, আর সত্য পথেও পরিচালিত নয়। (১৭) তাদের উপমা, ঐ লোকের ন্যায় যে আগুন জ্বালাল;

نَارًا ۚ فَلَمَّآ اَضَآءَتْ مَا حَوْلَهٗ ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ وَتَرَكَهُمْ فِيْ

না-রান্ ফালাম্মা~ আদ্বোয়া—য়াত্ মা- হাওলাহূ যাহাবা ল্লা-হু বিনূরিহিম্ অতারাকাহুম্ ফী

তা যখন তার চতুর্দিক আলোকিত করল তখন আল্লাহ আলো নিভিয়ে দিলেন এবং ছেড়ে দিলেন ঘোর অন্ধকারে,

ظُلُمٰتٍ لَّا يُبْصِرُوْنَ ﴿١٨﴾ صُمٌّۢ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ ﴿١٩﴾ اَوْ كَصَيِّبٍ

জুলুমা-তিল লা-ইয়ুব্ছিরূন্। ১৮। ছুম্মুম্ বুক্মুন্ উ'ম্ইয়ুন্ ফাহুম্ লা-ইয়ারজ্বি'উন্। ১৯। আও কাছোয়াইয়িবিম্

ফলে তারা কিছুই দেখতে পায় না। (১৮) তারা বধির, মূক, অন্ধ, তারা ফিরবে না। (১৯) অথবা তাদের অবস্থা

শানে নুযূল ঃ আয়াত নং ১৩ ঃ ইহুদীরা নিজেদের প্রশংসা করে বলত যে, আমাদের অন্তঃকরণে পর্দা আছে, আমাদের দ্বীনের কথা ছাড়া অন্য কোন দ্বীনের কথা আমাদেরকে আকৃষ্ট করতে পারবে না। আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করে এদের ভ্রষ্টতার উপর লা'নত করেছেন। –তাফসীরে ইবনে কাসীর

একদা মুনাফেক সরদার আবদুল্লাহ ইবনে উবাই হযরত আবুবকর (রাঃ), হযরত ওমর (রাঃ) ও হযরত আলী (রাঃ) প্রমুখের প্রশংসা সকলের সামনে পৃথক পৃথকভাবে করল। তারপর তাঁরা যখন সেখান থেকে প্রস্থান করলেন, তখন আবদুল্লাহ ইবনে উবাই আপন সাথীদেরকে বলল, দেখলে তো, এদেরকে কেমন সন্তুষ্ট করে দিলাম। যেন সে বুজর্গদের সঙ্গে ঠাট্টাই করল। তখন আয়াতটি অবতীর্ণ হয়। –লুবাবুন্ নুযূল

مِّنَ السَّمَآءِ فِيهِ ظُلُمٰتٌ وَّرَعْدٌ وَّبَرْقٌ ۚ يَجْعَلُونَ اَصَابِعَهُمْ فِىٓ اٰذَانِهِمْ

মিনাস্ সামা—য়ি ফীহি জুলুমা-তুওঁ অরা'দুওঁ অবারক্ব; ইয়াজ্'আলূনা আছোয়া-বি'আহুম্ ফী~ আ-যা-নিহিম্

সেই পথিকের ন্যায় যে আকাশের প্রবল-বৃষ্টিতে পথ চলে, যাতে আছে ঘোর আঁধার, বজ্র ও বিদ্যুৎ, তারা

مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ ۗ وَاللّٰهُ مُحِيطٌۢ بِالْكٰفِرِينَ ﴿٢٠﴾ يَكَادُ الْبَرْقُ

মিনাছ্ ছওয়া-'ইক্বি হাযারাল্ মাওত্; অল্লা-হু মুহীত্বুম্ বিল্‌কা-ফিরীন্। ২০। ইয়াকা-দুল্ বারক্বু

বজ্রের ধ্বনিতে মৃত্যুর ভয়ে স্ব-স্ব আঙ্গুল আপন কানে দেয়। আল্লাহ্ কাফেরদেরকে ঘেরাও করে রেখেছেন (২০) বিদ্যুৎ

يَخْطَفُ اَبْصَارَهُمْ ۖ كُلَّمَآ اَضَآءَ لَهُمْ مَّشَوْا فِيهِ ۙ وَاِذَآ اَظْلَمَ عَلَيْهِمْ

ইয়াখত্বোয়াফু আব্‌ছোয়া-রাহুম্ ; কুল্লামা~ আদ্বোয়া—য়া লাহুম্ মাশাও ফীহি অইযা~ আজ্‌লামা 'আলাইহিম্

চমক যেন তাদের দৃষ্টি শক্তি কেড়ে নেবে; বিদ্যুৎ চমকালে যে আলো বিচ্ছুরিত হয় তাতে তারা হাঁটে, অন্ধকার

قَامُوا ۚ وَلَوْ شَآءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ وَاَبْصَارِهِمْ ۚ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

ক্বা-মূ ; অলাও শা—য়া ল্লা-হু লাযাহাবা বিসাম্'ইহিম্ অআবছোয়া-রিহিম্ ; ইন্না ল্লা-হা 'আলা- কুল্লি

হলে থমকে দাঁড়ায়; আল্লাহ ইচ্ছা করলে তাদের শ্রবণ শক্তি ও দেখার শক্তি অবশ্যই কেড়ে নিতেন, আল্লাহ

شَىْءٍ قَدِيرٌ ﴿٢١﴾ يٰٓاَيُّهَا النَّاسُ اعْبُدُوا رَبَّكُمُ الَّذِى خَلَقَكُمْ وَالَّذِينَ ع ২ ১৭ ২ রুকু

শাইয়িন্ ক্বাদীর্। ২১। ইয়া~ আইয়্যুহান্ না-সু' বুদূ রব্বাকুমুল্ লাযী খালাক্বাকুম্ অল্লাযীনা

সর্বশক্তিমান। (২১) হে মানুষ! তোমরা তোমাদের ঐ রবের গোলামী কর যিনি তোমাদেরকে এবং তোমাদের পূর্ববর্তীদেরকে

مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿٢٢﴾ الَّذِى جَعَلَ لَكُمُ الْاَرْضَ فِرٰشًا وَّالسَّمَآءَ

মিন্ ক্বাব্‌লিকুম্ লা'আল্লাকুম্ তাত্তাক্বূন্। ২২। আল্লাযী জ্বা'আলা লাকুমুল্ আরদ্বোয়া ফিরা-শাওঁ অস্‌সামা—য়া

সৃষ্টি করেছেন; আশা করা যায় তোমরা মুত্তাকী হতে পারবে। (২২) যিনি তোমাদের জন্য যমীনকে বিছানা ও আকাশকে

بِنَآءً ۖ وَّاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ

বিনা—য়াওঁ অআন্‌যালা মিনাস্ সামা—য়ি মা—য়ান্ ফাআখ্‌রাজ্বা বিহী মিনাছ্ ছামারা-তি রিয্‌ক্বাল্লাকুম্,

ছাদ করেছেন, আর আকাশ থেকে পানি বর্ষণ করিয়ে তা দিয়ে তোমাদের জীবিকার জন্য বিভিন্ন ফল ফলাদি উৎপাদন করেন।

فَلَا تَجْعَلُوا لِلّٰهِ اَنْدَادًا وَّاَنْتُمْ تَعْلَمُونَ ﴿٢٣﴾ وَاِنْ كُنْتُمْ فِى رَيْبٍ مِّمَّا

ফালা- তাজ্ব্'আলূ লিল্লা-হি আন্‌দা-দাঁও অআন্‌তুম্ তা'লামূন্। ২৩। অইন্ কুন্‌তুম্ ফী রাইবিম্ মিম্মা-

কাজেই তোমরা জেনে শুনে কাউকে আল্লাহর সমকক্ষ সাব্যস্ত করো না। (২৩) যদি তোমরা সন্দেহ পোষণ কর

শানে নুযূল ঃ আয়াত নং-১৯ঃ একদা মদীনার দু'জন মুনাফেক মক্কাভিমুখে পলায়নরত অবস্থায় পথে বৃষ্টি বাদল, বজ্রধ্বনি ও বিদ্যুৎ চমকের মধ্যে পতিত হল, ঘোর অন্ধকারও হয়ে গেল। তারা উভয়েই স্ববিস্ময়ে দাঁড়িয়ে গেল। বিদ্যুৎ চমকে উঠলে সে আলোতে দু এক পা করে চলত। আবার অন্ধকার হলে দাঁড়িয়ে থাকত। বজ্র ধ্বনির ভয়াবহতায় মৃত্যুভয়ে কানের ছিদ্রে অঙ্গুলি গুঁজে দিত। শেষ পর্যন্ত হতভম্ব হয়ে বলতে লাগল, প্রত্যুষে মেঘমুক্ত হলে আমরা হযরত মুহাম্মদ (ছঃ)-এর দরবারে গিয়ে তাঁর সত্যিকার গোলামের অন্তর্ভুক্ত হয়ে যাব। অতঃপর ভোরে তারা উভয়ে সেখানে উপস্থিত হয়ে ইসলামের আলোকে উদ্ভাসিত হল। এ আয়াতে তাদের উদাহরণ বর্ণনা করা হয়েছে। –লুবাবুন্ নুযূল

نَزَّلْنَا عَلٰى عَبْدِنَا فَاْتُوْا بِسُوْرَةٍ مِّنْ مِّثْلِهٖ ۪ وَادْعُوْا شُهَدَآءَكُمْ مِّنْ دُوْنِ

নায্যাল্না- 'আলা- 'আব্দিনা- ফা''তূ বিসূরাতিম্ মিম্ মিছ্লিহী অদ্'উ শুহাদা—য়াকুম্ মিন্ দূনি

আমার বান্দার কাছে যা অবতীর্ণ করেছি তাতে, তবে অনুরূপ কোন সূরা নিয়ে আস এবং আল্লাহ ছাড়া তোমাদের

اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٤﴾ فَاِنْ لَّمْ تَفْعَلُوْا وَلَنْ تَفْعَلُوْا فَاتَّقُوا النَّارَ الَّتِيْ

ল্লা-হি ইন্ কুন্তুম্ ছোয়া-দিক্বীন্। ২৪। ফাইল্লাম্ তাফ্'আলূ অলান্ তাফ্'আলূ ফাত্তাক্বুন্ না-রাল্লাতী

সাহায্যকারীদের ডাক, যদি তোমরা সত্যবাদী হও। (২৪) আর যদি তোমরা তা করতে না পার, কোন দিন তা পারবেও না,

وَقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ۚ اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ﴿٢٥﴾ وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا

অক্বূদুহান্ না-সু অল্ হিজা-রাতু উ'ইদ্দাত্ লিল্ কা-ফিরীন্। ২৫। অবাশ্শিরিল লাযীনা আ-মানূ

তবে ঐ আগুনকে ভয় কর যার জ্বালানী হবে মানুষ ও পাথর। যা কাফেরদের জন্য প্রস্তুত করে রাখা হয়েছে। (২৫) আর তাদেরকে

وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ كُلَّمَا

অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি আন্না লাহুম্ জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্তিহাল্ আন্হা-র্; কুল্লামা-

সুসংবাদ দাও যারা মু'মিন ও সৎকর্মশীল, তাদের জন্য রয়েছে জান্নাত, যার নিচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত। সেখানে

رُزِقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ قَالُوْا هٰذَا الَّذِيْ رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَاُتُوْا

রুযিক্বূ মিন্হা- মিন্ ছামারাতির্ রিয্ক্বান্ ক্বা-লূ হা-যাল্ লাযী রুযিক্বূনা- মিন্ ক্বাব্লু অউতূ

যখনই তাদেরকে ফল-মূল খেতে দেয়া হবে তখনই বলবে, এ রকম ফল তো ইতিপূর্বেও আমাদেরকে দেয়া হয়েছে; আর তাদেরকে

بِهٖ مُتَشَابِهًا ؕ وَلَهُمْ فِيْهَآ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ۙ وَّهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٥﴾ اِنَّ اللّٰهَ

বিহী মুতাশা-বিহা-, অলাহুম্ ফীহা~ আয্ওয়া-জুম্ মুত্বোয়াহ্হারাতুওঁ অহুম্ ফীহা- খা-লিদূন্। ২৬। ইন্নাল্লা-হা

তদ্রূপ ফলই দেয়া হবে এবং তথায় থাকবে তাদের জন্য পবিত্র স্ত্রী। আর তথায় তারা চিরকাল থাকবে। (২৬) নিশ্চয়ই আল্লাহ

لَا يَسْتَحْيٖٓ اَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا بَعُوْضَةً فَمَا فَوْقَهَا ؕ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا

লা-ইয়াস্তাহ্য়ী~ আইঁ ইয়াদ্বরিবা মাছালাম্ মা- বা'উদ্বোয়াতান্ ফামা- ফাওক্বাহা-; ফাআম্মাল্লাযীনা আ-মানূ

লজ্জাবোধ করেন না মশা বা তদপেক্ষা তুচ্ছ বস্তুর উপমা দিতেও। সুতরাং যারা ঈমান এনেছে তারা জানে যে, এ

فَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَيَقُوْلُوْنَ مَاذَآ

ফাইয়া'লামূনা আন্নাহুল্ হাক্ব্কু মির্ রব্বিহিম্ অআম্মাল্ লাযীনা কাফারূ ফাইয়াক্বূলূনা মা-যা~

উপমা তাদের রবের পক্ষ হতে সত্য; কিন্তু কাফেররা বলে যে, এ উপমা দিয়ে আল্লাহর কি উদ্দেশ্য

যোগসূত্র ও ব্যাখ্যা ঃ আয়াত নং ২১ঃ পূর্বের আয়াতগুলোতে আল্লাহ্ তাআলা মুসলমান, কাফের ও মুনাফেক এ তিন সম্প্রদায়ের অবস্থা বর্ণনা করেন। এখন সাধারণভাবে সকলকে সম্বোধন করে তাঁর ইবাদতের আদেশ দিচ্ছেন। হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, কুরআন মজীদ "হে মানুষ!" বলে মক্কাবাসীদেরকে এবং"হে ইমানদারেরা!" বলে মদীনাবাসীদেরকে সম্বোধন করা হয়। এ পর্যন্ত যেন, এটাই বলা হল যে, কুরআন একমাত্র পূর্ণাঙ্গ জীবন বিধান এবং এটা দিয়ে কারা উপকৃত হবে, যেহেতু ইবাদতের মূল ভিত্তি দুটি– তৌহীদ ও রিসালত সেহেতু প্রথমে তৌহীদের বর্ণনা প্রদান করা হয়। –নূরুল কুলূব

أَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۘ يُضِلُّ بِهٖ كَثِيرًا ۙ وَّيَهْدِي بِهٖ كَثِيرًا ۚ وَمَا ওয়াক্বফে লাযেম

আরা-দাল্লা-হু বিহা-যা- মাছালা-; ইয়ুদ্বিল্লু বিহী কাছীরাওঁ অইয়াহ্দী বিহী কাছীরা-; অমা-

তিনি এর দ্বারা অনেককেই বিপথগামী করেন এবং অনেককে সৎপথে পরিচালিত করেন। তিনি এরূপ উদাহরণ দিয়ে

يُضِلُّ بِهٖٓ إِلَّا الْفٰسِقِينَ ﴿٢٧﴾ الَّذِينَ يَنْقُضُونَ عَهْدَ اللّٰهِ مِنْ بَعْدِ مِيثَاقِهٖ ص

ইয়ুদ্বিল্লু বিহী~ ইল্লাল্ ফা-সিক্বীন্। ২৭। আল্লাযীনা ইয়ান্‌কু্দ্বূনা 'আহদা ল্লা-হি মিম্ বা'দি মীছা-ক্বিহী

কাউকে বিপথগামী করেন না, অবাধ্য লোকদের ছাড়া। (২৭) যারা আল্লাহর সঙ্গে দৃঢ় অঙ্গীকারের পর তা ভঙ্গ

وَيَقْطَعُونَ مَآ أَمَرَ اللّٰهُ بِهٖٓ أَنْ يُّوصَلَ وَيُفْسِدُونَ فِي الْأَرْضِ ۚ

অইয়াক্ব্‌ত্বোয়া'উনা মা~ আমারা ল্লা-হু বিহী~ আইঁ ইয়ূছলা অইয়ুফ্‌সিদূনা ফিল্ আর্‌দ্বি;

করে, এবং যে সম্পর্ক অক্ষুণ্ন রাখতে আল্লাহ নির্দেশ দিয়েছেন তা ছিন্ন করে এবং যমীনে অশান্তির সৃষ্টি করে

أُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُونَ ﴿٢٨﴾ كَيْفَ تَكْفُرُونَ بِاللّٰهِ وَكُنْتُمْ أَمْوَاتًا

উলা—য়িকা হুমুল্ খা-সিরূন্। ২৮। কাইফা তাক্‌ফুরূনা বিল্লা-হি অকুন্‌তুম্ আম্‌ওয়া-তান্

তারাই প্রকৃত ক্ষতিগ্রস্ত। (২৮) কেমন করে আল্লাহর কুফরী কর? অথচ তোমরা ছিলে প্রাণহীন, তিনি তোমাদের

فَأَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يُحْيِيكُمْ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ﴿٢٩﴾ هُوَ

ফাআহ্‌ইয়া-কুম্, ছুম্মা ইউমীতুকুম্ ছুম্মা ইউহ্‌য়ীকুম্ ছুম্মা ইলাইহি তুর্‌জা'উন্। ২৯। হুওয়াল্

প্রাণ দিয়েছেন, পুনরায় তিনিই মৃত্যু দেবেন, আবার জীবিত করবেন, অবশেষে তাঁর কাছেই যাবে। (২৯) তিনি

الَّذِي خَلَقَ لَكُمْ مَّا فِي الْأَرْضِ جَمِيعًا ق ثُمَّ اسْتَوٰٓى إِلَى السَّمَآءِ

লাযী খালাক্বা লাকুম্ মা- ফিল্ আর্‌দ্বি জ্বামী'আন্ ছুম্মাস্ তাওয়া~ ইলাস্ সামা—য়ি

এমন যিনি সৃষ্টি করেছেন, যা কিছু আছে যমীনে তার সবই, তারপর তিনি দৃষ্টি দিলেন আকাশের দিকে

فَسَوّٰىهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ ۚ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣٠﴾ وَإِذْ قَالَ رَبُّكَ ع ৩ ৯ ৩

ফাসাওওয়া- হুন্না সাব্'আ সামা-ওয়া-ত্; অহুওয়া বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ৩০। অইয্ ক্বা-লা রব্বুকা রুকু

এবং তাকে বিন্যস্ত করেন সপ্তাকাশে আর তিনি সকল বিষয়ে পূর্ণ অবহিত। (৩০) আর যখন আপনার রব

لِلْمَلٰٓئِكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً ۚ قَالُوٓا أَتَجْعَلُ فِيهَا مَنْ

লিল্ মালা—য়িকাতি ইন্নী জ্বা-'ইলুন্ ফিল্ আর্‌দ্বি খালীফাহ্; ক্বা-লূ~ আতাজ্ব্'আলু ফীহা- মাইঁ

ফেরেশ্‌তাদের বললেন, আমি দুনিয়াতে প্রতিনিধি সৃষ্টি করব। তারা বলল, আপনি কি তথায় এমন কাউকে সৃষ্টি

আদম (আঃ)-এর সৃষ্টি ও ফেরেশতাদের সংলাপ ঃ আয়াত নং ২৯ঃ আল্লাহ তাআলা আকাশ ও পৃথিবী সৃষ্টির পর পৃথিবীতে জিনদেরকে এবং আসমানে ফেরেশতাদেরকে আবাদ করলেন। দীর্ঘকাল ধরে ভূ-পৃষ্ঠে জিনদের বসবাস ছিল। অতঃপর তাদের মধ্যে হিংসা দ্বেষ, শত্রুতা ও বিদ্রোহ বিরাজ করতে থাকে এবং বিশৃঙ্খলা ও রক্তপাত শুরু হয়ে যায়। আল্লাহ তাআলা এ বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের থেকে ভূ-পৃষ্ঠকে মুক্ত করার জন্য এক দল ফেরেশতা পাঠিয়েছেন এবং তাঁদের দলপতি ছিল ইবলীস। ইবলীস ফেরেশতাদের সাথে নিয়ে যমীনে আসল এবং দানবকুলকে আক্রমন করে পর্বতমালা ও দ্বীপাঞ্চলে তাড়িয়ে দিল। এতে ইবলীসের

يُفْسِدُ فِيهَا وَيَسْفِكُ الدِّمَاءَ ۚ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ

ইয়ুফ্সিদু ফীহা- অইয়াস্ফিকুদ্ দিমা—য়া, অনাহ্নু নুসাব্বিহু বিহাম্দিকা অনুক্বাদ্দিসু
করতে চান যে অশান্তি ও রক্তপাত ঘটাবে আমরাই তো সর্বদা আপনার গুণগান ও পবিত্রতা বর্ণনা করছি।

لَكَ ۖ قَالَ إِنِّي أَعْلَمُ مَا لَا تَعْلَمُونَ ﴿٣١﴾ وَعَلَّمَ آدَمَ الْأَسْمَاءَ كُلَّهَا ثُمَّ

লাক্; ক্বা-লা ইন্নী~ আ'লামু মা-লা-তা'লামূন্। ৩১। অ'আল্লামা আ-দামাল্ আস্মা—য়া কুল্লাহা-ছুম্মা
তিনি বলেন, নিশ্চয়ই আমি যা জানি তোমরা তা জান না। (৩১) তিনি আদমকে সব কিছুর নাম শিখালেন। পরে তাকে

عَرَضَهُمْ عَلَى الْمَلَائِكَةِ ۖ فَقَالَ أَنْبِئُونِي بِأَسْمَاءِ هَٰؤُلَاءِ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٣٢﴾

'আরাদ্বোয়াহুম্ 'আলাল্ মালা—য়িকাতি ফাক্বা-লা আম্বিয়ূনী বিআস্মা —য়ি হা~ উলা—য়ি ইন্ কুন্তুম্ ছোয়া-দিক্বীন্।
ফেরেশ্তাদের সামনে উপস্থাপন করে বললেন, এখন তোমরা আমাকে নামগুলো বলে দাও, যদি সত্যবাদী হও।

﴿٣٢﴾ قَالُوا سُبْحَانَكَ لَا عِلْمَ لَنَا إِلَّا مَا عَلَّمْتَنَا ۖ إِنَّكَ أَنْتَ الْعَلِيمُ الْحَكِيمُ

৩২। ক্বা-লূ সুব্হা-নাকা লা-'ইল্মা লানা~ ইল্লা- মা- 'আল্লাম্তানা-; ইন্নাকা আন্তাল্ 'আলীমুল্ হাকীম্।
(৩২) বলল, আপনি পবিত্র। আমরা কিছুই জানি না আপনি যা শিক্ষা দিয়েছেন তার বাইরে। নিশ্চয় আপনি জ্ঞানময় ও বিজ্ঞানী।

﴿٣٣﴾ قَالَ يَا آدَمُ أَنْبِئْهُمْ بِأَسْمَائِهِمْ ۚ فَلَمَّا أَنْبَأَهُمْ بِأَسْمَائِهِمْ ۙ قَالَ

৩৩। ক্বা-লা ইয়া~ আ-দামু আম্বি'হুম্ বিআস্মা—য়িহিম্ ফালাম্মা~ আম্বায়াহুম্ বিআস্মা—য়িহিম্ ক্বা-লা
(৩৩) বলেন, হে আদম! বলে দাও, এদের নাম। যখন তিনি এদের নাম বলে দিলেন তখন আল্লাহ বললেন; আমি কি

أَلَمْ أَقُلْ لَكُمْ إِنِّي أَعْلَمُ غَيْبَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۙ وَأَعْلَمُ مَا تُبْدُونَ

আলাম্ আক্বুল্ লাকুম্ ইন্নী~ আ'লামু গাইবাস্ সামা—ওয়া-তি অল্আর্দ্বি অআ'লামু মা-তুব্দূনা
বলিনি যে, নিশ্চয় আমি আসমান যমীনের অদৃশ্য বিষয় জানি এবং তোমরা যা প্রকাশ কর এবং যা গোপন কর

وَمَا كُنْتُمْ تَكْتُمُونَ ﴿٣٤﴾ وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا

অমা- কুন্তুম্ তাক্তুমূন্। ৩৪। অইয্ ক্বুল্না- লিল্মালা—য়িকাতিস্ জ্বুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ~
তাও আমি জানি। (৩৪) যখন ফেরেশ্তাদের বললাম, আদমকে সেজদা কর, তখন ইবলীস ব্যতীত

إِلَّا إِبْلِيسَ ۖ أَبَىٰ وَاسْتَكْبَرَ ۖ وَكَانَ مِنَ الْكَافِرِينَ ﴿٣٥﴾ وَقُلْنَا يَا آدَمُ

ইল্লা~ ইব্লীস্; আবা-অস্তাক্বারা অকা-না মিনাল্ কা-ফিরীন্। ৩৫। অক্বুল্না- ইয়া~ আ-দামুস্
সকলেই সিজদা করল। সে অমান্য ও অহংকার করল এবং কাফের হয়ে গেল।[১] (৩৫) বললাম, হে আদম! তুমি এবং

[১] মর্যাদা বৃদ্ধি পেল। ফলে সে অহঙ্কার করতে লাগল। ফেরেশতারা যখন আদম সৃষ্টির কথা জানতে পারলেন, তখন তাঁরা জিন জাতির উপর অনুমান করে, আর ইবনে আব্বাস ও ইবনে মাসউদের মতে, আল্লাহ্র সংবাদ অনুসারে বলতে লাগলেন, এমন মাখলুক সৃষ্টি করা সমীচীন নয় যারা ফাসাদ ও রক্তপাত করবে আমরাইত আপনার আদেশ পালনের জন্য যথেষ্ট। আল্লাহ্ তাআ'লা আদম সৃষ্টির রহস্য প্রকাশের জন্য আদম (আঃ)-কে অনেক কিছু শিক্ষা দিলেন। – লুবাবুন্ নুযূল

اسْكُنْ أَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا ۖ وَلَا تَقْرَبَا

কুন্ আন্‌তা অযাওজ্বু কাল্ জ্বান্নাতা অকুলা- মিনহা- রাগাদান্ হাইছু শি'তুমা- অলা-তাক্ব্‌রাবা-
তোমার স্ত্রী বেহেশতে বাস কর। আর যেখানে যা ইচ্ছা আহার কর। কিন্তু এ গাছের কাছেও

هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظّٰلِمِينَ ﴿٣٦﴾ فَأَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَأَخْرَجَهُمَا

হা-যিহিশ্ শাজ্বারাতা ফাতাকূনা- মিনায্ জোয়া-লিমীন্। ৩৬। ফাআযাল্লাহুমাশ্ শাইত্বোয়া-নু 'আন্‌হা- ফাআখ্‌রাজ্বাহুমা-
যেয়ো না। অন্যথায় তোমরা গণ্য হবে যালিমরূপে।[২] (৩৬) কিন্তু শয়তান তাদেরকে পদস্খলিত করল এবং আবাসস্থল

مِمَّا كَانَا فِيهِ ۖ وَقُلْنَا اهْبِطُوا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِي الْأَرْضِ

মিম্মা-কা-না- ফীহি অক্বুল্‌নাহ্ বিত্বূ বা'দ্বুকুম্ লিবা'দ্বিন্ 'আদুওয়্যুন্ অলাকুম্ ফিল্ আর্‌দ্বি
হতে বের করে দিল। বললাম, তোমরা নেমে পড় দুনিয়াতে। তোমরা পরস্পর শত্রু। তোমাদের[৩] জন্য রইল

مُسْتَقَرٌّ وَمَتَاعٌ إِلٰى حِينٍ ﴿٣٧﴾ فَتَلَقّٰى آدَمُ مِنْ رَبِّهِ كَلِمٰتٍ فَتَابَ عَلَيْهِ ط

মুস্‌তাক্বাররুওঁ অমাতা-উ'ন্ ইলা-হীন্। ৩৭। ফাতালাক্ব্‌ক্বা~ আ-দামু মির্ রব্বিহী কালিমা-তিন্ ফাতা-বা 'আলাইহ্;
দুনিয়াতে কিছু কালের জন্য অবস্থান ও জীবিকা। (৩৭) আদম স্বীয় রব থেকে কিছু বাণী পেলেন। তিনি তাঁকে ক্ষমা করে দিলেন।

إِنَّهُ هُوَ التَّوَّابُ الرَّحِيمُ ﴿٣٨﴾ قُلْنَا اهْبِطُوا مِنْهَا جَمِيعًا ۚ فَإِمَّا يَأْتِيَنَّكُمْ مِنِّي

ইন্নাহূ হুঅত তাওঅ-বুর রাহীম্। ৩৮। ক্বুল্‌নাহ্ বিত্বূ মিন্‌হা- জ্বামী'আন্, ফাইম্মা- ইয়া'তিইয়ান্নাকুম্ মিন্নী
নিশ্চয় তিনি ক্ষমাশীল দয়ালু। (৩৮) বললাম, সকলেই নেমে যাও। পরে যখন আমার পক্ষ হতে কোন উপদেশ

هُدًى فَمَنْ تَبِعَ هُدَايَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٣٩﴾ وَالَّذِينَ

হুদান্ ফামান্ তাবি'আ হুদা-ইয়া ফালা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্‌যানূন্। ৩৯। অল্লাযীনা
আসবে তখন যারা মানবে আমার উপদেশ তাদের কোন ভয় ও চিন্তা থাকবে না। (৩৯) আর যারা

كَفَرُوا وَكَذَّبُوا بِآيٰتِنَا أُولٰئِكَ أَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيهَا خٰلِدُونَ ☆ ৪ ع ১০ ৪ রুকু

কাফারূ অকায্‌যাবূ বিআ-ইয়া-তিনা~ উলা—য়িকা আছ্‌হা-বুন্ না-রি, হুম্ ফীহা- খা-লিদূন্।
কাফের এবং মিথ্যা মনে করবে আমার আয়াতকে, তারা জাহান্নামী এবং সেখানে তারা চিরকাল থাকবে।

﴿٤٠﴾ يٰبَنِي إِسْرٰءِيلَ اذْكُرُوا نِعْمَتِيَ الَّتِي أَنْعَمْتُ عَلَيْكُمْ وَأَوْفُوا

৪০। ইয়া-বানী~ ইস্‌রা—য়ীলায্ কুরূ নি'মাতিইয়াল্ লাতী~ আন্'আম্‌তু 'আলাইকুম্ অআওফূ
(৪০) হে বনী ইসরাঈল![৪] আমার দেয়া নিয়ামত স্মরণ কর, আমার সাথে যে ওয়াদা করেছ তা পূরণ কর, তাহলে

টীকা ঃ (১) ইবলীস ফেরেশতা ছিল না, কিন্তু ফেরেশ্‌তাদের সাথে বসবাসের কারণে সে তাদেরই একজন হয়ে গেল। তাই আল্লাহ্‌র নির্দেশ তার উপরও প্রযোজ্য ছিল। (২) অনেক তাফসীরকারের মতে ঐ গাছটি গম বা ধান গাছ ছিল। (৩) ইবলীস প্রাণপণ চেষ্টা করে প্রথমে হযরত হাওয়াকে এবং পরে হযরত আদম (আঃ)-কে ঐ বৃক্ষের ফল খাওয়ায়। ফলে তাঁরা আর বেহেশতে থাকতে পারেননি। (৪) হযরত ইয়া'কূব (আঃ)-এর আর এক নাম ছিল ইসরাঈল, তাঁর বংশধররাই বনী ইসরাঈল। পরবর্তীকালে এরাই ইয়াহুদী নামে পরিচিত হয়।

بِعَهْدِيْٓ اُوْفِ بِعَهْدِكُمْ ۚ وَاِيَّايَ فَارْهَبُوْنِ ﴿٤١﴾ وَاٰمِنُوْا بِمَآ اَنْزَلْتُ

বি'আহ্দী~ ঊফি বি'আহ্দিকুম্, অইইয়া-ইয়া ফার্হাবূন্। ৪১। অআ-মিনূ বিমা~ আন্যাল্তু

আমিও তোমাদের সঙ্গে তা পূরণ করব। আর কেবল আমাকেই ভয় কর। (৪১) তোমরা ঈমান আন, তাতে, যা নাযিল

مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلَا تَكُوْنُوْٓا اَوَّلَ كَافِرٍۢ بِهٖ ۠ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ

মুছোয়াদ্দিক্বাল লিমা- মা'আকুম্ অলা- তাকূনূ~ আওওয়ালা কা-ফিরিম্ বিহী অলা-তাশ্তারূ বিআ-ইয়া-তী

করেছি আর তার সমর্থনে যা আছে, আর তোমরাই প্রথম তা অস্বীকারকারী হয়ো না আর সামান্য মূল্যে আমার আয়াত

ثَمَنًا قَلِيْلًا ۡ وَّاِيَّايَ فَاتَّقُوْنِ ﴿٤٢﴾ وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا

ছামানান্ ক্বালীলাওঁ অইইয়া-ইয়া ফাত্তাক্বূন্। ৪২। অলা- তাল্বিসুল্ হাক্ব্ক্বা বিল্বা-ত্বিলি অতাক্তুমুল্

বিক্রি করো না। কেবলমাত্র আমাকেই ভয় কর। (৪২) আর তোমরা সত্যকে মিথ্যার সঙ্গে মিশ্রিত করো না, এবং

الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤٣﴾ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ

হাক্ব্ক্বা অআন্তুম্ তা'লামূন্। ৪৩। ওয়া আক্বীমুছ্ ছলা-তা অআ-তুয্ যাকা-তা অর্কা'ঊ মা'আর্

জেনে-শুনে সত্য গোপন করো না। (৪৩) নামায কায়েম কর, যাকাত দাও এবং রুকূকারীদের সঙ্গে রুকূ'

الرّٰكِعِيْنَ ﴿٤٤﴾ اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ وَاَنْتُمْ تَتْلُوْنَ

রা-কি'ঈন্। ৪৪। আতা''মুরূনান্ না-সা বিল্বির্রি অতান্সাওনা আন্ফুসাকুম্ অআন্তুম্ তাত্লূনাল্

করো। (৪৪) তোমরা কি লোকদেরকে সৎকাজের আদেশ দাও আর নিজেদেরকে ভুলে থাক? অথচ তোমরা কিতাব

الْكِتٰبَ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٤٥﴾ وَاسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ وَاِنَّهَا لَكَبِيْرَةٌ

কিতা-ব্; আফালা-তা'ক্বিলূন্। ৪৫। অস্তা'ঈনূ বিছ্ছোয়াব্রি অছ্ছলা-হ্; অইন্নাহা- লাকাবীরাতুন্

পাঠ কর; তবে কি বোঝ না? (৪৫) ধৈর্য ও নামাযের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর, অবশ্য এটা অত্যন্ত কঠিন,

اِلَّا عَلَى الْخٰشِعِيْنَ ﴿٤٦﴾ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَاَنَّهُمْ اِلَيْهِ

ইল্লা- 'আলাল্ খা-শি'ঈন্। ৪৬। আল্লাযীনা ইয়াজুন্নূনা আন্নাহুম্ মুলা-ক্বূ রব্বিহিম্ অআন্নাহুম্ ইলাইহি

বিনয়ী লোকদের ছাড়া অন্যদের নিকট। (৪৬) যারা স্বীয় রবের সঙ্গে সাক্ষাতকে বিশ্বাস করে আর তাঁরই কাছে

رٰجِعُوْنَ ﴿٤٧﴾ يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ

রা-জি'ঊন্। ৪৭। ইয়া-বানী~ ইস্রা—য়ীলায্ কুরূ নি'মাতিইয়াল্লাতী~ আন্'আম্তু 'আলাইকুম্

তাদের ফিরে যেতে হবে। (৪৭) হে বনী ইসরাঈল! আমার ঐ নিয়ামতকে স্মরণ কর যা আমি তোমাদেরকে দিয়েছি এবং বিশ্ববাসীর

● এক চতুর্থাংশ ع ৭ ৫ রুকু

শানে নুযূল ঃ আয়াত নং৪৪ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত আছে, ইহুদী শাস্ত্রজ্ঞ আলেমরা তাদের আত্মীয়-স্বজন হতে যারা মুসলমান হয়েছিল তাদেরকে বলত, 'তোমরা এই ধর্মে স্থির থাক, যেহেতু এটা সত্য ধর্ম।' অথচ তারা নিজেরা তা গ্রহণ করছিল না। তাই তাদের উদ্দেশ্য করে এ আয়াত অবতীর্ণ হয়। যোগসূত্র ঃ অত্র আয়াতে ইসলামী ধারা উপধারা কার্যকরি করার প্রতি গুরুত্ব আরোপ করে উৎসাহ প্রদান করা হয়। কিন্তু এতে একটি সন্দেহ ছিল যে, সম্ভবতঃ যাদেরকে লক্ষ্য করে বলা হয়েছে তাদের নিকট রাসূল (ছঃ)-এর নবুওয়াত ও রিসালতের কোন জ্ঞানই নেই, অতএব, ঈমানের অবর্তমানে তারা অক্ষম সাব্যস্ত হয়ে থাকবে। তাই তাগিদ ও উৎসাহ প্রদানের পর এমন একটি বাক্য উল্লেখ করছেন যা দিয়ে এটা প্রতিভাত হয়ে যায় যে, রাসূল (ছঃ) স্বীয় রিসালতের দাবীতে সত্যবাদী হওয়ার জ্ঞান তাদের নিকট ছিল।

وَأَنِّي فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِينَ ﴿٤٨﴾ وَاتَّقُوا يَوْمًا لَّا تَجْزِي نَفْسٌ عَن نَّفْسٍ

অআন্নী ফাদ্দ্বোয়াল্তুকুম্ 'আলাল্ 'আ- লামীন্। ৪৮। অত্তাক্বূ ইয়াওমাল্ লা-তাজ্যী নাফ্সুন্ 'আন্ নাফ্সিন্
উপর তোমাদেরকে আমি শ্রেষ্ঠত্ব দান করেছি। (৪৮) ঐ দিনকে ভয় কর যেদিন কেউ কারো উপকারে আসবে

شَيْئًا وَلَا يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَلَا هُمْ يُنصَرُونَ ﴿٤٨﴾

শাইয়াওঁ অলা-ইয়ুক্ববালু মিন্হা-শাফা-'আতুওঁ অলা- ইয়ু''খাযু মিন্হা- 'আদ্লুওঁ অলা-হুম্ ইয়ুন্ছোয়ারূন্।
না; কারো পক্ষে কোন সুপারিশ গ্রহণ করা হবে না; কোন বিনিময়ও চলবে না এবং কেউ কোন প্রকার সাহায্য পাবে না।

وَإِذْ نَجَّيْنَاكُم مِّنْ آلِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ يُذَبِّحُونَ ﴿٤٩﴾

৪৯। অইয নাজ্জাইনা-কুম্ মিন্ আ-লি ফির্'আওনা ইয়াসূমূনাকুম্ সূ—য়াল্ 'আযা-বি ইয়ুযাব্বিহূনা
(৪৯) যখন তোমাদেরকে ফেরাউনের লোকদের হাত থেকে বাঁচিয়েছিলাম [১] যারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত,

أَبْنَاءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ ۚ وَفِي ذٰلِكُم بَلَاءٌ مِّن رَّبِّكُمْ عَظِيمٌ

আব্না—য়াকুম্ অইয়াস্তাহ্ইয়ূনা নিসা—য়াকুম্; অফী যা-লিকুম্ বালা—য়ুম্ মির্ রব্বিকুম্ 'আজীম্।
তারা পুত্র সন্তানদের হত্যা করে মেয়েদেরকে বাঁচিয়ে রাখত। বস্তুত তাতে রবের পক্ষ হতে মহা পরীক্ষা ছিল।

وَإِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَأَنجَيْنَاكُمْ وَأَغْرَقْنَا آلَ فِرْعَوْنَ وَأَنتُمْ تَنظُرُونَ ﴿٥٠﴾

৫০। অইয্ ফারাক্বনা- বিকুমুল্ বাহ্রা ফাআন্জ্বাইনা-কুম্ অআগ্রাক্বনা~ আ-লা ফির্'আওনা অআন্তুম্ তান্জুরূন্।
(৫০) আর যখন সমুদ্র দ্বিখণ্ডিত [১] করে তোমাদেরকে রক্ষা করলাম আর ফেরাউনকে সঙ্গীসহ ডুবালাম, আর তোমরা তা দেখছিলে।

وَإِذْ وَاعَدْنَا مُوسَىٰ أَرْبَعِينَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِن بَعْدِهِ

৫১। অইয্ অ-'আদ্না- মূসা~ আর্বা'ঈনা লাইলাতান্ ছুম্মাত্তাখায্তুমুল্ 'ইজ্ লা মিম্ বা'দিহী
(৫১) আর যখন মূসার সঙ্গে চল্লিশ রাতের ওয়াদা করেছিলাম, আর তার প্রস্থানের পর তোমরা গো-বৎস [২]

وَأَنتُمْ ظَٰلِمُونَ ﴿٥١﴾ ثُمَّ عَفَوْنَا عَنكُم مِّن بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿٥٣﴾ وَإِذْ

অআন্তুম্ জোয়া-লিমূন্। ৫২। ছুম্মা 'আফাওনা- 'আন্কুম্ মিম্ বা'দি যা-লিকা লা'আল্লাকুম্ তাশ্কুরূন্। ৫৩। অইয্
পূজা করলে; বস্তুত তোমরা ছিলে জালিম। (৫২) তথাপি আমি ক্ষমা করে দিলাম, যেন কৃতজ্ঞ হও। (৫৩) আর যখন

آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ﴿٥٤﴾ وَإِذْ قَالَ مُوسَىٰ

আ-তাইনা- মূসাল্ কিতা-বা অল্ফুর্ক্বা-না লা'আল্লাকুম্ তাহ্তাদূন্। ৫৪। অইয্ ক্বা-লা মূসা-
মূসাকে কিতাব ও ফুরকান [৩] দিয়েছিলাম, যেন তোমরা সৎপথে চলতে পার। (৫৪) আর যখন মূসা স্বীয়

(১) যখন বনী ইসরাঈলরা হযরত মূসা (আঃ)-এর সঙ্গে মিসর ত্যাগ করে চলে যাচ্ছিল তখন ফিরাউন তার দলবলসহ তাদের পেছনে ধাওয়া করে। পথে সাগর ছিল, আল্লাহর আদেশে সাগর দ্বিখণ্ডিত হয়ে যায়। মূসা (আঃ) বনী ইসরাঈলদের নিয়ে পার হয়ে যায়, কিন্তু ফিরাউন তার দলবলসহ তাদের অনুসরণ করতে গিয়ে ডুবে মারা যায়। (২) গো-বৎসটি সামিরী নামক এক ব্যক্তি বানিয়েছিল। তার প্ররোচনায় একটি অংশ গো-বৎস পূজা করেছিল। (৩) যা সত্যকে মিথ্যা হতে পৃথক করে দেয় তাকে ফুরকান বলে।

لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوْٓا

লিক্বাওমিহী ইয়া-ক্বাওমি ইন্নাকুম্ জোয়ালাম্তুম্ আন্ফুসাকুম্ বিত্তিখা-যিকুমুল্ 'ইজ্ব্লা ফাতূবূ~

কাওমকে বলল, হে আমার কাওম! তোমরা গো-বৎস পূজা করে নিজেদের উপর জুলুম করেছ। সুতরাং

اِلٰى بَارِئِكُمْ فَاقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِئِكُمْ فَتَابَ

ইলা- বা-রিয়িকুম্ ফাক্ব্তুলূ~ আন্ফুসাকুম্; যা-লিকুম্ খাইরুল্লাকুম্ 'ইন্দা বা-রিয়িকুম্; ফাতা-বা

তোমরা তওবা কর; অতঃপর নিজেদেরকে হত্যা কর; স্রষ্টার নিকট এটিই উত্তম; তিনি তাওবা কবূল করবেন;

عَلَيْكُمْ ۭ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ۝ وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نُّؤْمِنَ لَكَ

'আলাইকুম্; ইন্নাহূ হুওয়াত্ তাও ওয়া-বুর রাহীম্। ৫৫। অইয কু্লতুম্ ইয়া-মূসা- লান্ নু''মিনা লাকা

তিনি ক্ষমাশীল, দয়ালু। (৫৫) আর যখন তোমরা বললে, হে মূসা! আমরা তোমাকে বিশ্বাস করব না, আল্লাহকে

حَتّٰى نَرَى اللّٰهَ جَهْرَةً فَاَخَذَتْكُمُ الصّٰعِقَةُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ۝ ثُمَّ بَعَثْنٰكُمْ

হাত্তা- নারাল্লা-হা জ্বাহ্রাতান্ ফাআখাযাত্কুমুছ্ ছোয়া-'ইক্বাতু অআন্তুম্ তান্জুরূন্। ৫৬। ছুম্মা বা'আছ্না-কুম্

সরাসরি না দেখলে, তখন বজ্র তোমাদেরকে পাকড়াও করল আর তোমরা সেদিকে তাকিয়ে রইলে (৫৬) তোমাদেরকে মৃত্যুর পর

مِّنْۢ بَعْدِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝ وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَاَنْزَلْنَا عَلَيْكُمُ

মিম্ বা'দি মাওতিকুম্ লা'আল্লাকুম্ তাশ্কুরূন্। ৫৭। অজল্লাল্না-'আলাইকুমুল গামা-মা অআন্যাল্না- 'আলাইকুমুল

পুনর্জীবিত করলাম, যাতে তোমরা কৃতজ্ঞ হও। (৫৭) আর মেঘ দিয়ে তোমাদের উপরে ছায়া দিলাম; খাওয়ার জন্য মান্না ও

الْمَنَّ وَالسَّلْوٰى ۭ كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ۭ وَمَا ظَلَمُوْنَا وَلٰكِنْ كَانُوْٓا

মান্না অস্সাল্ওয়া-; কুলূ মিন্ ত্বইয়্যিবা-তি মা-রাযাক্ব্না-কুম্; অমা-জোয়ালামূনা- অলা-কিন্ কা-নূ–

সালওয়া পাঠালাম। রিযিক হিসাবে আমার দেয়া পবিত্র খাদ্য খাও। তারা আমার প্রতি জুলুম করেনি বরং নিজেরাই নিজেদের

اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝ وَاِذْ قُلْنَا ادْخُلُوْا هٰذِهِ الْقَرْيَةَ فَكُلُوْا مِنْهَا حَيْثُ شِئْتُمْ

আন্ফুসাহুম্ ইয়াজ্লিমূন্। ৫৮। অইয্ কু্লনাদ্ খুলূ হা-যিহিল্ ক্বার্ইয়াতা ফাকুলূ মিন্হা-হাইছু শি''তুম্

প্রতি জুলুম করেছে। (৫৮) আর যখন বললাম, প্রবেশ কর এ শহরে এবং যেখানে যত খুশি খাও; মস্তক অবনত করে দরজা

رَغَدًا وَّادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُوْلُوْا حِطَّةٌ نَّغْفِرْ لَكُمْ خَطٰيٰكُمْ ۭ وَسَنَزِيْدُ

রাগাদাওঁ অদ্খুলুল্ বা-বা সুজ্জাদাওঁ অক্বূলূ হিত্তাতুন নাগ্ফির্লাকুম্ খাত্বোয়া-ইয়া-কুম্; অসানাযীদুল্

দিয়ে প্রবেশ কর এবং বল যে ক্ষমা চাই। তা হলে আমি তোমাদের পাপ ক্ষমা করে দেব এবং সৎকর্মশীলদেরকে

শ্বেত মেঘের ছায়া ও মান্না-ছালওয়ার অবতরণ ঃ আয়াত- ৫৭ ঃ সিরিয়া রাজ্য হতে আমেলাকাদের ক্ষমতাচ্যুত করার জন্য ইসরাঈলীদের প্রতি তাদের সাথে যুদ্ধ করার আদেশ হয়েছিল। তারা আমালেকাদের সাথে যুদ্ধ করতে অস্বীকৃতি জানাল। আল্লাহ্র হুকুম অমান্য করায় তাদেরকে আল্লাহ্ তা'আলা তীহ্ প্রান্তরে শাস্তিস্বরূপ চল্লিশ বছর যাবত সন্তাপিত অবস্থায় ঘুরাতে থাকেন। যেহেতু প্রান্তরটি তৃণ লতাহীন ছায়া শূন্য একটি বিশাল মাঠ ছিল। তারা হযরত মূসা (আঃ)-এর নিকট তাদের জন্য আল্লাহর দরবারে দোয়া করতে বললে মূসা (আঃ) আল্লাহ্র নিকট দোয়া করেন। তখন আল্লাহ্ তা'আলা শ্বেত মেঘ দ্বারা তথায় ছায়াদান করলেন।

الْمُحْسِنِينَ ﴿٥٩﴾ فَبَدَّلَ الَّذِينَ ظَلَمُوا قَوْلًا غَيْرَ الَّذِي قِيلَ لَهُمْ فَأَنزَلْنَا

মুহ্সিনীন্ । ৫৯ । ফাবাদ্দালাল্ লাযীনা জোয়ালামূ ক্বাওলান্ গাইরাল্লাযী ক্বীলা লাহুম্ ফাআন্যাল্না-

আরও বেশি দেব । (৫৯) কিন্তু জালিমরা আমার বলে দেয়া বক্তব্যকে পরিবর্তন করে দিল । ফলে

عَلَى الَّذِينَ ظَلَمُوا رِجْزًا مِّنَ السَّمَاءِ بِمَا كَانُوا يَفْسُقُونَ ﴿٦٠﴾ وَإِذِ اسْتَسْقَىٰ ع ৬ ১৩ ৬ রুকু

'আলাল্ লাযীনা জোয়ালামূ রিজ্ব্ যাম মিনাস্ সামা—য়ি বিমা- কা-নূ ইয়াফ্সুকূন্ । ৬০ । অইযিস তাস্ক্বা-

আমি জালিমদের উপর তাদের পাপের কারণে আসমানী গযব নাযীল করলাম । (৬০) স্মরণ কর, যখন

مُوسَىٰ لِقَوْمِهِ فَقُلْنَا اضْرِب بِّعَصَاكَ الْحَجَرَ ۖ فَانفَجَرَتْ مِنْهُ اثْنَتَا

মূসা- লিক্বাওমিহী ফাক্বুল্নাদ্ব্ রিব্ বি'আছোয়া-কাল্ হাজ্বার্; ফান্ফাজ্বারাত্ মিন্হুছ্ নাতা-

মূসা তার গোত্রের জন্য পানি চাইল, বললাম, হে মূসা! তোমার লাঠি দিয়ে পাথরে আঘাত কর, ফলে তখনই তা হতে বারটি

عَشْرَةَ عَيْنًا ۖ قَدْ عَلِمَ كُلُّ أُنَاسٍ مَّشْرَبَهُمْ ۖ كُلُوا وَاشْرَبُوا مِن رِّزْقِ اللَّهِ

'আশ্রাতা 'আইনা-; ক্বাদ্ 'আলিমা কুল্লু উনা-সিম্ মাশ্রাবাহুম্; কুলূ অশ্রাবু মির্ রিয্ক্বিল্লা-হি

ঝরণা প্রবাহিত হল । প্রত্যেক গোত্রই তাদের নিজ নিজ পানঘাট চিনে নিল । বললাম, খাও, আর পান কর । আল্লাহর রিযক থেকে ।

وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِينَ ﴿٦١﴾ وَإِذْ قُلْتُمْ يَا مُوسَىٰ لَن نَّصْبِرَ عَلَىٰ طَعَامٍ

অলা-তা''ছাও ফিল্ আর্দ্বি মুফ্সিদীন্ । ৬১ । অইয্ ক্বুল্তুম্ ইয়া-মূসা- লান্ নাছ্বিরা 'আলা- ত্বো'আ-মিওঁ

আর যমীনে বিপর্যয় সৃষ্টি করো না । (৬১) আর যখন তোমরা বলেছিলে, হে মূসা! আমরা একই খাদ্যের উপর আর ধৈর্য রাখতে

وَاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا مِمَّا تُنبِتُ الْأَرْضُ مِن بَقْلِهَا وَقِثَّائِهَا

ওয়া-হিদিন্ ফাদ্'উ লানা- রব্বাকা ইয়ুখ্রিজ্ব্ লানা- মিম্মা- তুম্বিতুল্ আর্দ্বু মিম্ বাক্ব্লিহা- অক্বিছ্ছা—য়িহা-

পারছি না, আমাদের জন্য তোমার রবের নিকট চাও, যেন তিনি ভূমি থেকে শাক-সব্জী,

وَفُومِهَا وَعَدَسِهَا وَبَصَلِهَا ۖ قَالَ أَتَسْتَبْدِلُونَ الَّذِي هُوَ أَدْنَىٰ بِالَّذِي

অফূমিহা- অ'আদাসিহা- অ বাছোয়ালিহা-; ক্বা-লা আতাস্তাব্দিলূনাল্ লাযী হুওয়া আদ্না-বিল্লাযী

শশা, গম, মসুর ও পিঁয়াজ উৎপন্ন করেন । তিনি বললেন, তোমরা কি উত্তম বস্তুর পরিবর্তে মন্দ বস্তু চাও?

هُوَ خَيْرٌ ۚ اهْبِطُوا مِصْرًا فَإِنَّ لَكُم مَّا سَأَلْتُمْ ۗ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ

হুওয়া খাইর্; ইহ্বিত্বূ মিছ্রান্ ফাইন্না লাকুম্ মা-সায়াল্তুম্; অদ্বুরিবাত্ 'আলাইহিমুয্ যিল্লাতু

তাহলে এমন কোন শহরে প্রবেশ কর, সেখানে তোমরা যা চাও তা পাবে । আর তারা লাঞ্ছনা

আর ক্ষুধা নিবারণের জন্য বৃক্ষ হতে তরুঞ্জা বীন নামক এক ধরনের সুমিষ্ট বস্তু প্রচুর পরিমাণে উৎপন্ন করে দেন, তারা ওগুলো একত্রিত করে রুটি পাচন করত, আর বটের নামক এক প্রকারের পাখিবিশেষ তাদের চতুষ্পার্শ্বে সমবেত হয়ে যেত, তারা সেগুলোকে নির্বিঘ্নে ধরে নিত । এ সহজ সাধ্য খাদ্য আল্লাহ তা'আলা স্বীয় গায়েবী ভাণ্ডার থেকে তাদেরকে প্রদান করেন । কিন্তু এ চিরন্তন দুর্ভাগাজাতী কেবলমাত্র একটি সহজ আদেশ অমান্য করার কারণে তাদের নিকট হতে এ নেয়ামত তুলে নেয়া হয় । আদেশটি ছিল– ঐ বস্তুগুলো যাকে যথাক্রমে মান্না ও ছালওয়া বলা হয় । এগুলো প্রয়োজন অনুসারে গ্রহণ কর এবং পরের দিনের জন্য সঞ্চয় করও না । এ আদেশ অমান্য করায় তাদের সঞ্চিত গোশত পঁচতে লাগল ।

وَالْمَسْكَنَةُ وَبَاءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ

অল্‌মাস্‌কানাতু অবা—যু বিগাদ্বোয়াবিম্ মিনাল্লা-হ্; যা-লিকা বিআন্নাহুম্ কা-নূ ইয়াক্‌ফুরূনা বিআ-ইয়া-তি

ও দারিদ্র্যতায় নিপতিত হয়ে আল্লাহর ক্রোধের পাত্র হল। কেননা, তারা আল্লাহর আয়াতকে অস্বীকার

ع ৭ ২ ৭ রুকু

اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ

ল্লা-হি অইয়াক্ব্‌তুলূনান্ নাবিইয়ীনা বিগাইরিল্ হাক্ব্; যা-লিকা বিমা- 'আছোয়াও অ কা-নূ ইয়া'তাদূন্।

করত আর নবীদেরকে অন্যায়ভাবে হত্যা করত। নাফরমানী ও সীমালংঘনের কারণেই তাদের এ পরিণতি।

۝٦٢ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَادُوْا وَالنَّصٰرٰى وَالصّٰبِـِٕيْنَ مَنْ اٰمَنَ بِاللّٰهِ

৬২। ইন্নাল্লাযীনা আ-মানূ অল্লাযীনা হা-দূ অন্নাছোয়া-রা- অছ্‌ছোয়া-বিয়ীনা মান্ আ-মানা বিল্লা-হি

(৬২) নিশ্চয় যারা ঈমানদার, আর যারা ইহুদী এবং খ্রীস্টান ও সাবেঈন[১], যারাই আল্লাহ ও পরকালের

وَالْيَوْمِ الْاٰخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ

অল্‌ইয়াওমিল্ আ-খিরি অ'আমিলা ছোয়া-লিহান্ ফালাহুম্ আজ্‌রুহুম্ 'ইন্দা রব্বিহিম্ অলা-খাওফুন্

প্রতি বিশ্বাস রাখে আর সৎকাজ করে তাদের জন্য রয়েছে তাদের রবের নিকট পুরস্কার। তাদের কোন ভয় নেই,

عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ۝٦٣ وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ

'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্‌যানূন্। ৬৩। অইয্ আখায্‌না- মীছা-ক্বাকুম্ অরাফা'না- ফাওক্বাকুমুত্

আর তারা দুঃখিতও হবে না।(৬৩) আর যখন আমি ওয়াদা নিলাম এবং তুরকে তোমাদের উপর ধরলাম[২]।

الطُّوْرَ خُذُوْا مَا اٰتَيْنٰكُمْ بِقُوَّةٍ وَّاذْكُرُوْا مَا فِيْهِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ۝٦٤ ثُمَّ

তূ-র্; খুযূ মা~ আ-তাইনা-কুম্ বিক্বু্‌ওআতিওঁ অয্‌কুরূ মা-ফীহি লা'আল্লাকুম্ তাত্তাক্বূন্। ৬৪। ছুম্মা

(বললাম) যা দিলাম তা দৃঢ়ভাবে গ্রহণ কর এবং তাতে যা আছে, স্মরণ রাখ, যেন সতর্ক হতে পার। (৬৪) এর পরও

تَوَلَّيْتُمْ مِّنْ بَعْدِ ذٰلِكَ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ

তাওয়াল্লাইতুম্ মিম্ বা'দি যা-লিকা ফালাওলা- ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম্ অরাহ্‌মাতুহূ লাকুন্‌তুম্ মিনাল্.

তোমরা তা থেকে ফিরে গেলে, যদি আল্লাহর দয়া ও অনুগ্রহ না থাকত, তবে নিশ্চয়ই তোমরা ক্ষতিগ্রস্ত

الْخٰسِرِيْنَ ۝٦٥ وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِى السَّبْتِ فَقُلْنَا لَهُمْ

খা-সিরীন্। ৬৫। অলাক্বাদ্ 'আলিম্‌তুমুল্ লাযীনা' তাদাও মিন্‌কুম্ ফিস্ সাব্‌তি ফাক্বু্‌ল্‌না- লাহুম্

হতে। (৬৫) আর যারা শনিবারে সীমালংঘন করেছিল, তোমরা তাদের জানতে[৩]। আমি বললাম,

টিকা ঃ (১) সাবেঈনরা নক্ষত্র ও ফেরেশতাদের পূজারী। (২) বনী ইসরাঈল যখন তাওরাত মানতে অস্বীকার করল আল্লাহ তখন তাদের উপর পাহাড় ধরলেন তখন তারা ধ্বংস হওয়ার ভয়ে তা গ্রহণ করে নেয়। (৩) হযরত দাউদ (আঃ)-এর সময় এ ঘটনা সংঘটিত হয়েছিল। তখন শনিবারে মাছ ধরাসহ দুনিয়াবী সকল কাজকর্ম নিষিদ্ধ ছিল। কিন্তু তারা আল্লাহর আদেশ লংঘন করে মাছ শিকার করেছিল, তাই আল্লাহ তাদের শাস্তি প্রদান করেন।

كُونُوا قِرَدَةً خَاسِئِينَ ﴿٦٥﴾ فَجَعَلْنَاهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَ

কূনূ ক্বিরাদাতান্ খা-সিয়ীন্। ৬৬। ফাজ্বা'আল্না-হা- নাকা-লা ল্লিমা- বাইনা ইয়াদাইহা- অমা-খাল্ফাহা-অ

তোমরা ঘৃণিত বানর হও।' (৬৬) এটা তাদের সমসাময়িক ও পরবর্তীদের জন্য দৃষ্টান্ত ও

مَوْعِظَةً لِّلْمُتَّقِينَ ﴿٦٦﴾ وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَن

মাও 'ইজোয়াতাল লিল্মুত্তাকীন্। ৬৭। অইয্ ক্বা-লা মূসা- লিক্বাওমিহী~ ইন্নাল্লা-হা ইয়া''মুরুকুম্ আন্

মুত্তাকীদের জন্য উপদেশস্বরূপ করে দিলাম। (৬৭) যখন মূসা কাওমকে বলল, আল্লাহ তোমাদেরকে হুকুম

تَذْبَحُوا بَقَرَةً ۖ قَالُوا أَتَتَّخِذُنَا هُزُوًا ۖ قَالَ أَعُوذُ بِاللَّهِ أَنْ أَكُونَ مِنَ

তায্বাহূ বাক্বারাহ্; ক্বালূ~ আতাত্তাখিযুনা- হুযুওয়া-; ক্বা-লা আ'ঊযুবিল্লা-হি আন্ আকূনা মিনাল্

দিচ্ছেন গাভী যবেহ করার। তারা বলল, তুমি কি ঠাট্টা করছ? মূসা বলল, আল্লাহর পানাহ্ চাই, মূর্খদের

الْجَاهِلِينَ ﴿٦٧﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا هِيَ ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا

জ্বা-হিলীন্। ৬৮। ক্বা-লুদ'উ লানা- রব্বাকা ইয়ুবাইয়্যিল্লানা- মা-হী; ক্বা-লা ইন্নাহূ ইয়াক্বূলু ইন্নাহা-

দলভুক্ত হওয়া হতে। (৬৮) তারা বলল, রবকে বল, স্পষ্ট করে জানিয়ে দিতে, তা কি? মূসা বলল, আল্লাহ বলছেন,

بَقَرَةٌ لَّا فَارِضٌ وَلَا بِكْرٌ ۚ عَوَانٌ بَيْنَ ذَٰلِكَ ۖ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ

বাক্বারাতুল লা-ফা-রিদ্বুওঁ অলা-বিক্র্; 'আওয়া-নুম্ বাইনা যা-লিক্; ফাফ্'আলূ মা- তু''মারূন্।

তা এমন একটি গাভী যা না বৃদ্ধ আর না বাছুর বরং এ দুয়ের মাঝামাঝি,সুতরাং নির্দেশমত যবেহ কর।

﴿٦٨﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا لَوْنُهَا ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ

৬৯। ক্বা-লুদ্'উলানা- রব্বাকা ইয়ুবাইয়্যিল্লানা- মা-লাওনুহা-; ক্বা-লা ইন্নাহূ ইয়াক্বূলু ইন্নাহা- বাক্বারাতুন্

(৬৯) তারা বলল, রবকে বল যেন স্পষ্ট করে বলে দেন তার কি রং? মূসা বলল, সেটা হলুদ বর্ণের গাভী,

صَفْرَاءُ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ﴿٦٩﴾ قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّن لَّنَا مَا هِيَ

ছোয়াফ্রা—য়ু ফা-ক্বি'উল্লাওনুহা- তাসুর্রুন না-জিরীন্। ৭০। ক্বা-লুদ্'উলানা-রব্বাকা ইয়ুবাইয়্যিল লানা- মা-হিয়া

রংটি উজ্জ্বল গাঢ়, যা দর্শকদের আনন্দ দেয়। (৭০) তারা বলল, তুমি রবকে বল, তিনি যেন বলে দেন সেটা কি?

إِنَّ الْبَقَرَ تَشَابَهَ عَلَيْنَا ۖ وَإِنَّا إِن شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ﴿٧٠﴾ قَالَ إِنَّهُ يَقُولُ

ইন্নাল্ বাক্বারা তাশা-বাহা 'আলাইনা-; অইন্না~ ইন্শা—য়াল্লা-হু লামুহ্তাদূন্। ৭১। ক্বা-লা ইন্নাহূ ইয়াক্বূলু

কেননা, গরুটি আমাদেরকে সন্দেহে ফেলল। আল্লাহ ইচ্ছা করলে অবশ্যই আমরা সুপথ পাব। (৭১) মূসা বলল, তিনি বলছেন,

যোগসূত্র ঃ আয়াত-৬৭ ঃ বনি ইসরাঈলের এক লোক অপর এক লোকের মেয়ে বিয়ে করার প্রস্তাব দিলে সে তা প্রত্যাখ্যান করে। ফলে প্রস্তাবকারী তাকে হত্যা করে। বনি ইসরাঈলীরা হত্যাকারীর সন্ধান না পেয়ে মূসা (আঃ)-এর নিকট উক্ত হত্যার তদন্ত দাবী করল। মূসা (আঃ) আল্লাহর আদেশ অনুযায়ী একটি গরু জবাই করতে বলেন,..... বাদবাকী ঘটনা কোরআনেই উল্লেখ আছে। এ ঘটনা উল্লেখ করে তাদের স্বভাবগত কূটতাত্ত্বিক হওয়ার কথা বর্ণনা করছেন। হাদীছ শরীফে আছে তারা এত বাড়াবাড়ি না করে যদি আদেশ মাত্র যে কোন একটি গরু জবাই করত, তবে এত কঠিন শর্তগুলো তাদের ওপর আরোপ করা হত না।

إِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيهَا

ইন্নাহা-বাক্বারাতুল্ লা-যালূলুন্ তুছীরুল্ আরদ্বোয়া অলা-তাস্ক্বিল্ হার্‌ছা মুসাল্লামাতুল্ লা-শিয়াতা ফীহা-;
সেটা এমন গাভী যা জমি চাষে ও সেচে ব্যবহৃত হয়নি, এটি সুস্থ ও নিখুঁত। তারা বলল, এখন তুমি সঠিক তথ্য বলে দিলে,

৮ ع ১০ ৮ রুকু

قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ﴿٧٢﴾ وَإِذْ

ক্বা-লুল্ আ-না জি্''তা বিল্হাক্ব; ফাযাবাহূহা- অমা- কা-দূ ইয়াফ্'আলূন্। ৭২। অইয্
অতঃপর তারা সেটিতাদের ইচ্ছা না থাকা সত্ত্বেও যবেহ্ করেছিল। (৭২) যখন এক লোককে

قَتَلْتُمْ نَفْسًا فَادَّارَأْتُمْ فِيهَا وَاللَّهُ مُخْرِجٌ مَّا كُنتُمْ تَكْتُمُونَ ﴿٧٣﴾ فَقُلْنَا

ক্বাতাল্তুম্ নাফ্সান্ ফাদ্দা-রা''তুম্ ফীহা-; অল্লা-হু মুখ্‌রিজু্ম্ মা- কুন্তুম্ তাক্‌তুমূন্। ৭৩। ফাকু্‌লনাদ্ব্‌
হত্যা করে একে অপরের উপর দোষ চাপালে আল্লাহ গোপন বিষয় প্রকাশ করতে চাইলেন। (৭৩) অতঃপর আমি বললাম,

اضْرِبُوهُ بِبَعْضِهَا كَذَلِكَ يُحْيِي اللَّهُ الْمَوْتَى وَيُرِيكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ

রিবূহু বিবা'দ্বিহা-; কাযা-লিকা ইউহ্য়িল্লা-হুল্ মাওতা- অইয়ুরীকুম্ আ-ইয়া-তিহী লা'আল্লাকুম্ তা'ক্বিলূন্।
এর একটুকরা দিয়ে আঘাত কর, এভাবে আল্লাহ মৃতকে জীবিত করেন এবং তোমাদেরকে তাঁর নিদর্শন দেখান, যাতে বুঝতে পার।

﴿٧٤﴾ ثُمَّ قَسَتْ قُلُوبُكُم مِّن بَعْدِ ذَلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ أَوْ أَشَدُّ قَسْوَةً

৭৪। ছুম্মা ক্বাসাত্ ক্বু্লূবুকুম্ মিম্ বা'দি যা-লিকা ফাহিয়া কাল্ হিজ্বা-রাতি আও আশাদ্দু কাস্ওয়াহ্;
(৭৪) এরপরও তোমাদের হৃদয় কঠিন হয়ে গেল[১], যেন তা পাথর বা তার চেয়েও কঠিনতর;

وَإِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ مِنْهُ الْأَنْهَارُ وَإِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ

অইন্না মিনাল হিজ্বা-রাতি লামা- ইয়াতাফাজ্জ্বারু মিন্হুল্ আন্হা-র্ ; অইন্না মিন্হা- লামা-ইয়াশ্শাক্ক্বু্ক্বা্কু্
কতক পাথর এমন যে, তা থেকে নদী-নালা প্রবাহিত হয়, আবার কোন কোন পাথর ফেটে যায়

فَيَخْرُجُ مِنْهُ الْمَاءُ وَإِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ مِنْ خَشْيَةِ اللَّهِ وَمَا اللَّهُ بِغَافِلٍ

ফাইয়াখ্রুজু্ মিন্হুল্ মা—উ; অইন্না মিন্হা—লামা-ইয়াহ্বিত্ মিন্ খাশ্ইয়াতিল্লা-হ্; অমাল্লা-হু বিগা-ফিলিন্
এবং তা থেকে পানি বের হয়; আর কতক আল্লাহর ভয়ে পতিত হয়। তোমাদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ

عَمَّا تَعْمَلُونَ ﴿٧٥﴾ أَفَتَطْمَعُونَ أَن يُؤْمِنُوا لَكُمْ وَقَدْ كَانَ فَرِيقٌ مِّنْهُمْ يَسْمَعُونَ

'আম্মা—তা'মালূন্। ৭৫। আফাতাত্ব্ মা'উনা আইঁ ইয়ু''মিনূ লাকুম্ অক্বাদ্ কা-না ফারীকু্ম্ মিন্হুম্ ইয়াস্মা'উনা
বেখবর নন। (৭৫) তোমরা কি আশা কর যে, তারা (কাফেররা) তোমাদের কথায় ঈমান আনবে? তাদের মধ্যে একদল

টীকা-১ ঃ এ আয়াতে আল্লাহ্ তা'আলা কাফেরদের মনকে পাথর অপেক্ষাও কঠিন বলে অভিহিত করেছেন। কারণ, এরূপ পাথরও আছে– যা থেকে সুশীতল পানি নির্গত হয় এবং কোন কোন পাথর হতে সুমিষ্ট পানি নির্গত হয়। কিন্তু কাফেরদের হৃদয় হতে জ্ঞান বা করুণার ধারা নির্গত হয় না এবং অন্য স্থান হতেও তাদের অন্তরে প্রবেশ করে না। পক্ষান্তরে ঈমানদারদের হৃদয় হতে জ্ঞান ও করুণার ধারা নির্গত হয়ে জগদ্বাসীকে শান্তি ও স্নেহ-করুণা বিলায়।

كَلٰمَ اللّٰهِ ثُمَّ يُحَرِّفُوْنَهٗ مِنْۢ بَعْدِ مَا عَقَلُوْهُ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٧٦﴾ وَاِذَا لَقُوا

কালা-মাল্লা-হি ছুম্মা ইয়ুহার্‌রিফূনাহূ মিম্ বা'দি মা-'আক্বালূহু অহুম ইয়া'লামূন্। ৭৬। অইয়া-লাক্বুল
আল্লাহর বাণী শুনত এবং তা বুঝার পরও জেনে-শুনে তাকে পরিবর্তন করে দিত। (৭৬) আবার যখন মুমিনদের সঙ্গে

الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَا بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ قَالُوْٓا اَتُحَدِّثُوْنَهُمْ

লাযীনা আ-মানূ ক্বা-লূ~ আ-মান্না-;অইয়া- খালা- বা'দুহুম্ ইলা- বা'দ্বিন্ ক্বালূ~ আতুহাদ্দিছূনাহুম্
মিলত হয়, তখন বলে আমরা ঈমান এনেছি, আবার যখন একান্তে পরস্পরের সাথে মিলিত হয়, তখন বলে, আল্লাহর প্রকাশ

بِمَا فَتَحَ اللّٰهُ عَلَيْكُمْ لِيُحَاۤجُّوْكُمْ بِهٖ عِنْدَ رَبِّكُمْ ۗ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٧٧﴾ اَوَلَا

বিমা- ফাতাহাল্লা-হু 'আলাইকুম্ লিইয়ুহা—জ্জূকুম্ বিহী 'ইন্দা রব্বিকুম; আফালা- তা'ক্বিলূন্। ৭৭। আওয়ালা-
করা বিষয় কি তাদের বলে দিচ্ছ, যাতে তারা তা দিয়ে রবের সামনে যুক্তি পেশ করবে, তোমরা কি বোঝ না? (৭৭) তারা কি

يَعْلَمُوْنَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٨﴾ وَمِنْهُمْ اُمِّيُّوْنَ لَا يَعْلَمُوْنَ

ইয়া'লামূনা আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ইয়ুসির্‌রূনা অমা-ইয়ু'লিনূন্। ৭৮। অমিন্‌হুম উম্মিয়্যূনা লা-ইয়া'লামূনাল্
জানে না যে, আল্লাহ তাদের গোপন ও প্রকাশ্য সব কিছু অবগত আছেন। (৭৮) আর এমন কিছু মূর্খ আছে যাদের মিথ্যা আশা ছাড়া

الْكِتٰبَ اِلَّآ اَمَانِيَّ وَاِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ﴿٧٩﴾ فَوَيْلٌ لِّلَّذِيْنَ يَكْتُبُوْنَ

অর্ধাংশ ●

কিতা-বা ইল্লা~ আমা-নিয়্যা অইন্ হুম্ ইল্লা-ইয়াজুন্নূন্। ৭৯। ফাওয়াইলুল্ লিল্লাযীনা ইয়াক্তুবূনাল্
কিতাবের কোন জ্ঞান নেই,তারা কেবল অমূলক ধারণাই করে। (৭৯) তাদের জন্য কঠোর শাস্তি আছে যারা নিজ হাতে

الْكِتٰبَ بِاَيْدِيْهِمْ ۙ ثُمَّ يَقُوْلُوْنَ هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوْا بِهٖ ثَمَنًا

